বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/প-২৫/৫১২৮২/রে-৫০৯০ তারিখঃ ২৩/০৫/২০১৮

## অফিস আদেশ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৮/০৪/২০১৮ইং তারিখের সিন্ডিকেট অধিবেশনের সিদ্ধান্ত মোতাবেক এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদানের বিষয়ে সংশোধিত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উদ্ধৃত করা হল। সিন্ডিকেটের পরবর্তী কার্যদিবস হতে এই নীতির প্রয়োগ হবে।

### বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদানের নীতিমালা

১। (ক) সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতায় নিয়োগ প্রাপ্ত এবং বুয়েটে চাকুরীরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে কোন উচ্চতর শিক্ষাগত ডিগ্রি অর্জন করতে হবে।

(খ) কর্তৃপক্ষ কর্তৃক উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য প্রদত্ত অফিস আদেশে আবেদনকারীর পদের সাথে উচ্চতর শিক্ষার বিষয় সংশ্লিষ্টতার (Subject relevance) ব্যাপারটি সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

(গ) সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার চেয়ে উচ্চতর যোগ্যতা নিয়ে নির্বাচিত হলে তা তার নিয়োগের যোগ্যতা হিসেবে গণ্য হবে, কোন অনুপার্জিত ইনক্রিমেন্ট পাওয়ার যোগ্য হবে না। কারণ এ ধরণের উচ্চতর যোগ্যতা/ শিক্ষাগত ডিগ্রি আবেদনকারীর উক্ত পদের নিয়োগের সময়ই তার একটি যোগ্যতা হিসেবেই বিবেচিত হয়ে গেছে বলে গণ্য হবে।

২। (ক) উক্ত অর্জিত উচ্চতর ডিগ্রি নূন্যতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি অথবা সমতূল্য জিপিএ/ সিজিপিএ সহ অর্জন করতে হবে।

(খ) শ্রেণি এবং জিপিএ/সিজিপিএ সমতূল্যতা নির্ধারণের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ *"জিপিএ-বিভাগ সমতা বিধান নির্ধারণ সম্পর্কিত প্রজ্ঞাপন"*/ সিদ্ধান্ত কার্যকর হবে।

৩। (ক) উক্ত অর্জিত ডিগ্রি আবেদনকারীর পদের যোগ্যতা ও কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ (relevant) হতে হবে।

(খ) সামঞ্জস্যপূর্ণতার বিষয়ে আবেদনপত্রে সংশ্লিষ্ট অফিস/ বিভাগীয় প্রধানের সুস্পষ্ট মতামত থাকতে হবে।

৪। আবেদনকারী অর্জিত উচ্চতর ডিগ্রির জন্য যে পদে অনুপার্জিত ইনক্রিমেন্টের আবেদন করেছেন সে পদটি স্থায়ী হতে হবে এবং ইনক্রিমেন্টের আবেদনের সময় নিয়োগ স্থায়ী হতে হবে (এডহক/ অবেক্ষাধীন নয়)। তবে ঐ পদটি যদি নিম্নতর কোন মূল পদকে আপগ্রেডেশন করে করা হয় এবং আবেদনকারী যদি আপগ্রেডেড পদে স্থায়ী নিয়োগ পান, তাহলেও তাকে অনুপার্জিত ইনক্রিমেন্টের জন্য বিবেচনা করা হবে। এ ক্ষেত্রে শর্ত হচ্ছে যে, উচ্চতর ডিগ্রিটি আপগ্রেডেশনের জন্য ব্যবহার করা হয়নি।

৫। (ক) যে সকল পদে এস.এস.সি-এর নীচ পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত আছে সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত এস.এস.সি এর জন্য দুইটি এবং এইচ.এস.সি জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(খ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি বা সমমানের সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত এইচ.এস.সি এর জন্য দুইটি এবং স্নাতক ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(গ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি বা সমমানের সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত স্নাতক ডিগ্রির জন্য দুইটি এবং স্নাতকোত্তর ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(ঘ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক বা সমমানের সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত স্নাতকোত্তর ডিগ্রির জন্য দুইটি এবং এম.ফিল ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(ঙ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা বি.এস.সি ইঞ্জি./বি.আর্ক/বি.ইউআরপি/ মাস্টার্স (এম.এ/ এম.কম/ এম.এড/ এম.বি.এ ইত্যাদি) সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত এম.এস.সি ইঞ্জি./ এম.ইঞ্জি./এম.আর্ক/এম.ইউআরপি/ এম.ফিল ডিগ্রির জন্য দুইটি এবং পি.এইচ.ডি ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(চ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এম.বি.বি.এস/ বি.ডি.এস ডিগ্রি সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত এম.ফিল/ এম.এস/ এম.ডি/ এফ.সি.পি.এস ডিগ্রির জন্য দুইটি এবং পি.এইচ.ডি ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(ছ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন আর্কিটেকচার সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত বি.এসসি ইঞ্জি./বি.আর্ক/ বি.ইউআরপি ডিগ্রির জন্য দুইটি এবং এম.এস.সি ইঞ্জি./এম.ইঞ্জি./এম.আর্ক/এম.ইউআরপি ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(জ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন আর্কিটেকচার সনদের জন্য দুইটি এবং বি.এসসি ইঞ্জি./ বি.আর্ক/ বি.ইউআরপি ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

(ঝ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত ডিপ্লোমা-ইন নার্সিং/ডিপ্লোমা-ইন মেডিক্যাল টেকনোলজি সনদের জন্য দুইটি এবং বি.এসসি-ইন নার্সিং/ বি.এসসি-ইন হেলথ টেকনোলজি ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে

(ঞ) যে সকল পদে নিয়োগের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা-ইন নার্সিং/ ডিপ্লোমা-ইন মেডিক্যাল টেকনোলজি সে সকল ক্ষেত্রে উক্ত পদে যোগদানের পরে অর্জিত বি.এসসি-ইন নার্সিং/ বি.এসসি-ইন হেলথ টেকনোলজি ডিগ্রির জন্য দুইটি এবং এম.এসসি-ইন নার্সিং/ এম.এসসি-ইন হেলথ টেকনোলজি ডিগ্রির জন্য আরো একটি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

৬। উল্লেখ্য যে, সকল ডিগ্রি/সার্টিফিকেট বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/ বিসিপিএস/ সরকারি শিক্ষা বোর্ড হতে অর্জিত হতে হবে। অন্যথায় অর্জিত সকল ডিগ্রি/ সার্টিফিকেট যথাযথ নিয়মে বুয়েট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক ইকুইভ্যালেন্স করার পর গ্রহণযোগ্য বলে বিবেচনা করা যেতে পারে। অনুপার্জিত ইনক্রিমেন্ট কমিটি এ ধরনের ইকুইভ্যালেন্স করার জন্য বুয়েট ইকুইভ্যালেন্স কমিটিকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাবে।

৭। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য সমস্ত চাকুরী জীবনে কর্মকর্তা/ কর্মচারীগণকে সর্বোচ্চ ৩(তিন)টি অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান করা যেতে পারে।

স্বাক্ষর/-
(অধ্যাপক ডঃ এস.এম. মাহ্‌বুবুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/প-২৫/৫১২৮২/রে-৫০৯০(৬০) তারিখঃ ২৩/০৫/২০১৮

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-**

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৩। অধ্যাপক ড. এস. শাহনেওয়াজ আহমেদ, ত. ই. কৌশল বিভাগ, বাঃ প্রঃ বিঃ, এবং সভাপতি, কর্মকর্তা/কর্মচারীদের অনুপার্জিত ইনক্রিমেন্ট প্রদান সংশ্লিষ্ট কমিটি।
৪। কম্পট্রোলার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৫। ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-২, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা ।
৬। গার্ড ফাইল/ প-২৫/ব-৩৭/সংশ্লিষ্ট ফাইল।

(মোঃ সোহরাব উদ্দিন)